
# ইনকিলাব মঞ্চের নতুন আহ্বায়ক জাবের, সদস্য সচিব জুমা



ইনকিলাব মঞ্চের নতুন আহ্বায়ক জাবের, সদস্য সচিব জুমা। ছবি: সংগৃহীত

সদস্যদের সরাসরি ভোটে ইনকিলাব মঞ্চের নতুন আহ্বায়ক নির্বাচিত হয়েছেন আব্দুল্লাহ আল জাবের। একই নির্বাচনে সদস্য সচিবের দায়িত্ব পেয়েছেন ফাতিমা তাসনিম জুমা।

সোমবার (২৭ জুলাই) সন্ধ্যা ৭টায় অনুষ্ঠিত সংগঠনটির সাধারণ সভায় সদস্যদের প্রত্যক্ষ ভোটে নতুন নেতৃত্ব নির্বাচন করা হয়।

এদিকে কমিটিতে শহীদ শারিক ওসমান হাদিকে আজীবনের জন্য সংগঠনের মুখপাত্র হিসেবে ঘোষণা করা হয়েছে।

নির্বাচনের পর সংগঠনের কার্যক্রমকে আরও গতিশীল ও সুসংগঠিত করতে নবনির্বাচিত আহ্বায়ক ও সদস্য সচিব আট সদস্যের একটি আংশিক কমিটি ঘোষণা করেন।

কমিটিতে সাংগঠনিক সম্পাদক হয়েছেন রকিবুল ইসলাম (রোকসান রাকিব), সহসাংগঠনিক সম্পাদক শোয়াইব বিন আহসান সিয়াম, দপ্তর সম্পাদক রায়হান আহমেদ, অর্থ সম্পাদক মুহাম্মদ ওমর, মিডিয়া ও প্রচার সম্পাদক নাঈম ইবনে জাহির এবং সহ-মিডিয়া ও প্রচার সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন হাবিবুল্লাহ মিশবাহ।

এ ছাড়া সংগঠনের কার্যক্রম আরও বিস্তৃত করা এবং যোগ্য ও জ্যেষ্ঠ সদস্যদের মূল্যায়নের লক্ষ্যে একটি সার্চ কমিটি গঠন করা হয়েছে। এতে আহ্বায়ক করা হয়েছে জি এস সাবিরকে এবং সদস্য সচিবের দায়িত্ব পেয়েছেন মামুনুর রহমান আদনান। কমিটির সদস্য হিসেবে রয়েছেন আসাদুজ্জামান আসাদ, হিশাম ইব্রাহিম, শান্ত আক্তার ও শাকিব সারওয়ার।

সংবাদ বিজ্ঞপ্তিতে নবনির্বাচিত নেতৃত্ব ইনকিলাব মঞ্চকে আদর্শিক, গণমুখী ও কার্যকর সংগঠন হিসেবে গড়ে তুলতে সদস্য, শুভানুধ্যায়ী ও দেশবাসীর দোয়া, সহযোগিতা এবং গঠনমূলক পরামর্শ কামনা করেছেন।

একই সঙ্গে সংগঠনের সাংগঠনিক ভিত্তি আরও শক্তিশালী করা, জনসম্পৃক্ততা বাড়ানো এবং ঘোষিত আদর্শ বাস্তবায়নে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করা হয়েছে।